

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
জেলা ম্যাজিস্ট্রেস পরিবীক্ষণ অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নং-০৪.০০.০০০০.৫২২.৭১.০৭.১২-১১২

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২০  
০১ আগষ্ট ২০১৩


বিষয় : জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে ।

- সূত্র : (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/মাপ্রস-০৪.৫১২.০৮২.০০.০০.০০৪.২০১০-১৪২, তারিখঃ ২৪.০৭.২০১১ ।  
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/ফৌমানিআশ/০১(১০)/২০০৪-০১, তারিখঃ ১১.০১.২০০৫ ।  
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/ফৌমানিআশ/০১(০১)/২০০২-১২১, তারিখঃ ১২.১২.২০০২ ।  
(৪) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/ফৌমানিআশ/০১(০১)/২০০২-৪২, তারিখঃ ২২.০৭.২০০২ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকসমূহে জেলায় সংঘটিত স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক ঘটনাস্থল পরিদর্শনপূর্বক ০৪(চার) ঘন্টার মধ্যে প্রাথমিক প্রতিবেদন এবং গৃহীত আইনী পদক্ষেপ ও ঘটনার সার্বিক তথ্যাদিসহ নির্ধারিত ছকে ২৪(চব্বিশ) ঘন্টার মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ কর্তৃক প্রেরণ করা হলেও প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে পাওয়া যায় না। এ কারণে সংঘটিত ঘটনার বিষয়ে যথাসময়ে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়।

০২। এমতাবস্থায়, উক্ত প্রতিবেদন সময়মত প্রেরণ নিশ্চিতকরণসহ জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার তথ্য তাঁর আওতাধীন জেলা থেকে সংগ্রহপূর্বক সংযুক্ত ছক মোতাবেক প্রতিদিন বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেস পরিবীক্ষণ অধিশাখার ই-মেইলে ([cjme\\_sec@cabinet.gov.bd](mailto:cjme_sec@cabinet.gov.bd)) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। কোন উল্লেখযোগ্য ঘটনা না থাকলে শূণ্য প্রতিবেদন দেওয়ার জন্যও অনুরোধ করা হল।

সংযুক্তিঃ ০১(এক) ফর্দ।

  
(মোঃ শাহ আলম)  
উপসচিব  
ফোন : ৯৫৫১৪২৫

বিভাগীয় কর্মিশনার  
ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর।

বিভাগীয় কমিশনারদের জন্য নির্ধারিত ছক

বিষয় : বিভাগের স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদন সংক্রান্ত তথ্যাদি।

জেলার নাম	ঘটনার তারিখ, সময় এবং ঘটনাস্থল	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ	গৃহীত পদক্ষেপ	মন্তব্য
১	২	৩	৪	৫

বিভাগীয় কমিশনারের নাম :

বিভাগের নাম :

ফোন :

